# খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠাতা: ডাঃ এম. এম. আমজাদ হোসেন

# পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

## সেমিস্টারের মিডটার্ম ও ফাইনাল পরীক্ষায়

"অধিকর্তা ও কক্ষ পরিদর্শকগণের দায়িত্ব ও কর্তব্য"

সেমিস্টার ভিত্তিক মিডটার্ম ও ফাইনাল পরীক্ষাসমূহে অধিকর্তা ও কক্ষ পরিদর্শকগণের দায়িত্ব ও কর্তব্যসমূহকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে।

* পরীক্ষা শুরুর পূর্বে
* পরীক্ষা চলাকালীন
* পরীক্ষার শেষে

# পরীক্ষা শুরুর পূর্বে

অধিকর্তা (বিভাগ প্রধান) ও কক্ষ পরিদর্শকগণ-কে নিম্নবর্ণিত বিষয়সমূহে দায়িত্ব পালন করে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলোঃ

- পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিঃ পূর্বে অধিকর্তাগণ, টাস্কফোর্স কো-অর্ডিনেটর, জনাব মোঃ আবুল বাশার, সহকারী অধ্যাপক, বিসিবিটি বিভাগ, এর নিকট থেকে স্ব স্ব কক্ষের চাবি বুঝে নিবেন।
- পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিঃ পূর্বে অধিকর্তার কক্ষে রিপোর্ট এবং স্বাক্ষর করে অধিকর্তার নিকট হতে পরীক্ষার রুটিন অনুযায়ী ঐ দিনের প্রশ্নের খাম বুঝে নিবেন এবং কক্ষে পরীক্ষার্থীদের নিকট প্রশ্নপত্র বিতরণের পূর্বে রুটিন অনুযায়ী ঐ দিনের প্রশ্নপত্র বিতরণ করা হচ্ছে কিনা সে বিষয়টি নিশ্চিত হয়ে প্রশ্নপত্র বিতরণ করবেন।
- পরীক্ষার্থীদের পরীক্ষার মূল প্রবেশপত্র **(Admit Card)** নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করতে হবে।

- পরীক্ষার্থীরা মোবাইল ফোন নিয়ে হলে প্রবেশ করতে পারবেন না।
- পরীক্ষার্থীরা শুধুমাত্র পরীক্ষা সংশ্লিষ্ট বস্তু (যেমন: প্রবেশপত্র, কলম, পেন্সিল, স্কেল ও প্রয়োজনীয় ক্যালকুলেটর) ছাড়া যেন অন্য কোন কিছু নিয়ে যেন প্রবেশ করতে না পারে, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রয়োজনে তল্লাশি করতে হবে। (মেয়েদের জন্য শিক্ষিকা এবং ছেলেদের জন্য দায়িত্বরত শিক্ষক থাকবেন)।
- পরীক্ষার **Starting** সময় এবং **Ending** সময়, কোর্স কোড, টাইটেল ও পরীক্ষার সময় ব্যাপ্তি বোর্ডে লিখে দিতে হবে।

# পরীক্ষা চলাকালীন

- পরীক্ষা শুরুর ঘন্টা পড়ার সাথে সাথে MCQ এবং SAQ এর প্রশ্নপত্র একসাথে বিতরণ করতে হবে।
- পরীক্ষা শুরুর প্রথম ১০ মিনিট MCQ এবং পরবর্তী ৫০ মিনিট SAQ পরীক্ষার জন্য নির্ধারিত থাকবে।
- উপস্থিতিপত্র ও উত্তরপত্র স্বাক্ষরের সময় কক্ষ পরিদর্শক প্রবেশপত্র যাচাইপূর্বক উত্তরপত্র ও উপস্থিতিপত্রে স্বাক্ষর করবেন। (উপস্থিতিপত্র ও উত্তরপত্রে একই পরিদর্শকের স্বাক্ষর থাকবে।)

- মিডটার্ম পরীক্ষার ক্ষেত্রে প্রথম ১৫ মিনিট পর্যন্ত এবং ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে প্রথম ৩০ মিনিট পর্যন্ত হল ইনভিজিলেটরগণ পরীক্ষার্থীদের সঙ্গে প্রয়োজনবোধে Non-Technical বিষয়ে কথা বলতে পারবেন। এরপরে আর কথা বলতে পারবেন না।
- মিডটার্ম পরীক্ষার ক্ষেত্রে ৩০ মিনিট এবং ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে ৪০ মিনিট পর পরীক্ষার্থী শুধুমাত্র একবার বাথরুমে যাবার সুযোগ পাবেন।
- অতিরিক্ত উত্তর পত্রের নম্বর, মূল উত্তর পত্রের নির্ধারিত স্থানে লেখার বিষয়টি নিশ্চিত হয়ে স্ট্যাপলার করতে হবে।

# পরীক্ষার শেষে

- **“Stop Writing”** বলার পর পরীক্ষার্থীর উপস্থিতিপত্রের সাথে সংগৃহিত উত্তর পত্রের হিসাব মিলিয়ে পরীক্ষার্থীদের হল ত্যাগ করার নির্দেশ দিতে হবে।
- কক্ষ পরিদর্শকগণ উত্তরপত্রসমূহ জমা নেয়ার সময় মূল উত্তরপত্রের সর্বনিম্ন ছকটিতে পরীক্ষার্থী **“Sequence of answering numbers”** ছকটি পূরণ করেছে কিনা সে বিষয়ে নিশ্চিত হবেন।
- পরীক্ষা শেষে উত্তর পত্র সঠিক সংখ্যা নিশ্চিত হওয়ার পর সেলুলার টেপ দিয়ে বন্ধ করে বিভাগ প্রধানের নিকট জমা দিতে হবে।

- পরিদর্শন দায়িত্ব পরিবর্তন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- কোনো পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করলে কক্ষ পরিদর্শক প্রমানদিসহ নির্ধারিত ফর্মে লিখিতভাবে অধিকর্তাকে বিষয়টি অবহিত করবেন। অধিকর্তা টাস্কফোর্স/পরীক্ষা নিয়ন্ত্রক কে অবহিত করবেন। পরীক্ষা নিয়ন্ত্রক সকলের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- পরীক্ষা চলাকালীন যে কোন উদ্ভুত পরিস্থিতি টাস্কফোর্সকে অবহিত করতে হবে।
- উত্তরপত্রের টপশীটে (খামের উপরে) অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করতে হবে।

ধন্যবাদান্তে
পরীক্ষা নিয়ন্ত্রক
খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়